

৮

## কালের কণ্ঠ

বুধবার ৭ সেপ্টেম্বর ২০১৬। ২৩ ভাদ্র ১৪২৩

# খবর

www.kalerkantho.com



নোটিশ বোর্ড

### ইউআইইউতে সন্ত্রাস-জঙ্গিবাদবিরোধী আলোচনা

বাংলাদেশে সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধ এবং এ বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে গত শনিবার আলোচনা ও মতবিনিময় সভা করেছে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউআইইউ)। ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. এম রিজওয়ান খানের সভাপতিত্বে আলোচনায় অংশ নেন ধানমন্ডি থানার ওসি আব্দুল লতিফ সরদার, বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান এবং বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মো. আবু সাকলাইন। আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী এবং অভিভাবকরা উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।